



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে, পাঁচটি অঞ্চল আগামী কাল থেকে পুনরায় খুলে দেওয়ার তৃতীয় ধাপে প্রবেশ করবে

বৈশ্বিক জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ারকে তৃতীয় পর্যায়ে প্রবেশ করার জন্য উপযোগী বলে জানিয়েছেন

স্টেট আজ থেকে নিজস্ব বিবেচনায় পাবলিক পুল এবং খেলার মাঠ খোলার অনুমতি দিচ্ছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 736 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 380,892-এ নিয়ে এসেছে; 42টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনা পাওয়া গেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে পাঁচটি অঞ্চল- সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি এবং সাউদার্ন টিয়ার- আগামীকাল, 12 জুন পুনরায় খোলার তৃতীয় পর্যায়ে প্রবেশ করবে। নিউ ইয়র্ক স্টেটকে পুনরায় খোলার কৌশল সম্পর্কে পরামর্শ দেওয়া বৈশ্বিক জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের দল পাঁচটি অঞ্চলের তথ্য পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করেছে এবং তৃতীয় পর্যায়ে প্রবেশ করার জন্য তাদের উপযুক্ত বলে ঘোষণা করেছে। তৃতীয় পর্যায় অভ্যন্তরীণ রেস্টুরেন্ট এবং খাদ্য সেবা এবং ব্যক্তিগত যত্ন সেবাগুলিকে পুনরায় খোলার অনুমতি দেয়। প্রতিটি শিল্প নিরাপত্তা এবং সামাজিক দূরত্ব সর্বাধিক করার জন্য রাজ্যের নির্দিষ্ট নির্দেশিকার অধীনে কাজ করবে। স্টেটের পুনরায় খোলার পরিকল্পনার তৃতীয় পর্যায়ের জন্য ব্যবসায়িক নির্দেশনা [এখানে](#) পাওয়া যাবে।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে স্টেট আজ থেকে স্টেটের নির্দেশিকা অনুসরণ করা সাপেক্ষে এলাকাগুলোকে তাদের নিজস্ব বিবেচনায় পাবলিক পুল এবং খেলার মাঠ খোলার অনুমতি দিচ্ছে।

"আমরা দেশে সবচেয়ে সচেতন, বিজ্ঞান ভিত্তিক পুনরায় খোলার পদ্ধতি ব্যবহার করেছি এবং আমরা আমাদের পর্যায়ক্রমে পুনরায় খোলার কাজ চালিয়ে যাওয়া সত্ত্বেও সংখ্যা কমছে," **গভর্নর কুওমো বলেন।** "এখন একটি সংখ্যা আছে যা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং তা হল দৈনিক পরীক্ষার সংখ্যা কারণ এটি আগের দিনের একটি চিত্র এবং আমাদের বলবে যে কোন

নির্দিষ্ট স্থানে সংক্রমণের হার বাড়ছে কি না। আমরা এখন পর্যন্ত সবকিছু ঠিকভাবে করে এসেছি, কিন্তু আমাদের বিচক্ষণ থাকতে হবে এবং এই সংখ্যা কমানোর জন্য প্রয়োজনীয় সব সতর্কতা অবলম্বন করতে হবে।"

পরিশেষে, গভর্নর আরও 736 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 380,892-তে নিয়ে এসেছে। মোট 380,892 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট আক্রান্ত	নতুন আক্রান্ত
Albany	1,996	10
Allegany	53	1
Broome	641	11
Cattaraugus	98	2
Cayuga	102	0
Chautauqua	106	1
Chemung	138	0
Chenango	137	0
Clinton	98	1
Columbia	424	4
Cortland	42	0
Delaware	88	1
Dutchess	4,027	5
Erie	6,659	43
Essex	40	0
Franklin	23	0
Fulton	230	2
Genesee	212	1
Greene	249	0
Hamilton	5	0
Herkimer	125	0
Jefferson	79	0
Lewis	20	0
Livingston	121	0
Madison	333	2
Monroe	3,293	38
Montgomery	101	1
Nassau	41,060	45
Niagara	1,136	7

NYC	208,517	399
Oneida	1,216	13
Onondaga	2,454	21
Ontario	229	7
Orange	10,550	9
Orleans	260	1
Oswego	119	4
Otsego	78	1
Putnam	1,282	0
Rensselaer	508	1
Rockland	13,385	13
Saratoga	513	2
Schenectady	717	1
Schoharie	54	0
Schuyler	12	0
Seneca	62	1
St. Lawrence	212	3
Steuben	254	1
Suffolk	40,512	48
Sullivan	1,426	1
Tioga	135	0
Tompkins	171	0
Ulster	1,729	3
Warren	257	0
Washington	241	1
Wayne	127	1
Westchester	34,106	30
Wyoming	91	0
Yates	39	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)